47

দৈনিক সংবাদ

তারিখ ...22 JUL 1994
পৃষ্ঠা 5 কলাম 8

# কটিয়াদীতে মাদ্রাসায় ভুয়া শিক্ষক নিয়োগ দেখিয়ে টাকা আত্মসাৎ

কটিয়াদী (কিশোরগঞ্জ), ২১শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– কটিয়াদী থানার লোহাজুরি ইউনিয়নের ঝিরারপার মাদ্রাসায় ভুয়া শিক্ষক নিয়োগ দেখিয়ে তার বেতন ভাতার টাকা আত্মসাৎ করার অভিযোগে জেলা দুর্নীতি দমন বিভাগ উক্ত মাদ্রাসার তিনজন সাবেক সুপার ও একজন শিক্ষকের বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করেছে।

ঝিরারপার মাদ্রাসার তিনজন সাবেক সুপার আঃ সামাদ, নূরুল হক, মতিউর রহমান ও শিক্ষক আফসার উদ্দিন ১৯৮৭ সালের জুন হতে ১৯৯০ সালের মে মাস পর্যন্ত উক্ত দাখিল মাদ্রাসায় তিনজন ভুয়া শিক্ষক নিয়োগ দেখিয়ে সর্বমোট ৩৫ হাজার ৪শ' ৬৬ টাকা ৬৭ পয়সা বেতন ভাতা উত্তোলন করে তা আত্মসাৎ করে। প্রাথমিক তদন্তশেষে ঘটনার সত্যতা প্রমাণিত হওয়ায় প্রথমে কটিয়াদী থানায় মামলা দায়ের এবং গত ৫ই জুলাই জেলা দুর্নীতি দমন বিভাগের সহকারী পরিদর্শক আঃ জলিল এ ব্যাপারে আদালতে চার্জশীট দাখিল করেন।